# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd


নং-বামাশিবো/প্রশা/কিশোরগঞ্জ-৫৮/১১২

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩২ / ১৫ সেপ্টেম্বর ২০২৫

বিষয় : অনুমোদিত এডহক কমিটির কার্যকারিতা বহাল থাকা প্রসঙ্গে।

সূত্র : ১। রিট পিটিশন নং ৮৫৬৭/২০২৫ ও সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং ২৬৩৪/২০২৫ এর আদেশ;
২। নং বামাশিবো/প্রশা/২৩১২৫১১০২৮৫১/১০৬৭০৭/নথি নং - তারিখ ১৯-০৩-২০২৫ খ্রিঃ;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলাধীন ঝগড়ারচর দারুচ্ছুন্নাহ মহিলা দাখিল মাদ্রাসার এডহক কমিটি সূত্রোক্ত ২নং স্মারকে অনুমোদন দেওয়া হয়। অনুমোদিত এডহক কমিটিতে জনাব মুহম্মদ আবদুল্লাহ আল মামুনকে সভাপতি হিসাবে মনোনয়ন প্রদান করা হয়। উক্ত পত্রে স্মারক ও তারিখ ঠিক রেখে মুহম্মদ আবদুল্লাহ আল মামুনকে পরিবর্তন করে উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব, কিশোরগঞ্জকে সভাপতি করে পত্র জারি করা হয়। উক্ত পত্র বিষয়ে জনাব মুহম্মদ আবদুল্লাহ আল মামুনকর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৮৫৬৭/২০২৫ মামলা দায়ের করেন। রিট পিটিশন মামলার রায়ে স্থগিতাদেশ প্রদান করা হয়। স্থগিতাদেশ রায় এর বিরুদ্ধে সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং ২৬৩৪/২০২৫ দায়ের করা হয়। সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং ২৯৫৫/২০২৫ এ হাইকোর্টের স্থগিতাদেশ এর বিরুদ্ধে স্থগিতাদেশ প্রদান করা হয়েছে।

বর্ণিত অবস্থায় সূত্রোক্ত ২নং স্মারকে অনুমোদিত এডহক কমিটি যাবতীয় কার্যক্রম পরিচলনা করবেন এবং সভাপতি হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ এর দায়িত্ব পালনে কোন আইনগত বাধা নেই মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৫.৯.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

১৫.০৯.২৫

সুপার/ভারপ্রাপ্ত সুপার,
ঝগড়ারচর দারুচ্ছুন্নাহ মহিলা দাখিল মাদ্রাসা,
পো: কালিকাপ্রসাদ, ভৈরব, কিশোরগঞ্জ।

নং-বামাশিবো/প্রশা/কিশোরগঞ্জ-৫৮/১১২

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩২ / ১৫ সেপ্টেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ;
২. জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ;
৫. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, .................... শাখা, ভৈরব, কিশোরগঞ্জ;
৬. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

১৫.০৯.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

D:\Admin - Committee\Belayet\Committee Stay Order.doc

১৫.০৯.২৫